



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০১.২০-১২৬

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৬ ব.  
০৫ মার্চ ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৯১৩৭/২০১৯ মামলায় গত ১০/১২/২০১৯ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী পিটিশনার কর্তৃক ০৯/০৫/২০১৯ তারিখে (Annexure-D মূলে) দাখিলকৃত আবেদনটি আইনানুগভাবে নিষ্পত্তিক্রমে টিএমইডিকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মহামান্য হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯১৩৭/২০১৯ মামলার ১০/১২/২০১৯ তারিখের রায়/আদেশ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলাধীন “পিপইয়াকান্দি আমানুল উলুম ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা”র অধ্যক্ষ, জনাব এ.কে.এম মতিউর রহমান মোল্লা-এর অনৈতিক কর্মকাণ্ড এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য জনৈক মো: সফিকুল ইসলাম কর্তৃক গত ০৯/০৫/১৯ তারিখে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর (Annexure-D হিসেবে প্রদর্শিত) আবেদন দাখিল করা হয়েছিল।

০২। দাখিলকৃত উক্ত আবেদনের আলোকে আবেদনকারী কোন প্রতিকার না পাওয়ায় এ বিষয়ে প্রতিকার পাওয়ার লক্ষ্যে জনৈক মো: সফিকুল ইসলাম কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৯১৩৭/২০১৯ মামলা দায়ের করা হয়। উক্ত রিট মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয়-কে ১ নং রেসপনডেন্ট করা হয়েছে।

০৩। রিট পিটিশন নং-৯১৩৭/২০১৯ মামলায় গত ১০/১২/২০১৯ তারিখে মহামান্য হাইকোর্ট নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়েছে-

“We have heard the learned counsel for the petitioner and perused the application. We are not inclined to issue any Rule in this matter at this stage, rather we direct the respondent No. 1, Secretary, Ministry of Education, Bangladesh Secretariat, Dhaka to dispose of the application dated 09.05.2019 (Annexure-D to the writ petition) filed by the petitioner within 2(two) months on receipt of this order in accordance with law.

However, let us make it clear that the respondent No. 1 will be at liberty to take decision on the said application in any manner in accordance with law. The application is thus disposed of with the direction as made above”. (পৃ: ৬১)।

০৪। যেহেতু জনৈক মো: সফিকুল ইসলাম কর্তৃক ০৯/০৫/১৯ তারিখে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর (যা মামলার আর্জিতে Annexure-D হিসেবে প্রদর্শিত) দাখিলকৃত আবেদনটি আইনানুগভাবে নিষ্পত্তির জন্য মহামান্য হাইকোর্ট কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে (সেহেতু উক্ত আবেদনটি সচিব, টিএমইডি'র পক্ষে আইনানুগভাবে নিষ্পত্তির লক্ষ্যে মহোদয় কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা আবশ্যিক।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৯১৩৭/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১০/১২/২০১৯ তারিখে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী পিটিশনার কর্তৃক ০৯/০৫/২০১৯ তারিখে (যা মামলার আর্জিতে Annexure-D হিসেবে প্রদর্শিত) দাখিলকৃত আবেদনটি আইনানুগভাবে নিষ্পত্তিক্রমে টিএমইডিকে (প্রমাণকসহ) অবহিতের (আগামি ১৫.০৩.২০২০ খ্রি: মধ্যে) জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১। রিট পিটিশন নং- ৯১৩৭/২০১৯ মামলার রায়ের কপি-০১ পাতা।

২। পিটিশনারের ০৯/০৫/২০১৯ তারিখের (Annexure-D) দাখিলকৃত আবেদন-০২ পাতা।

(সো.আ. খালেদ মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)  
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।